দৈনিক বাংলা

তারিখ 25 AUG 1987
পৃষ্ঠা ... কলাম ...

০৫

# কৃষি ভার্সিটিতে সংঘর্ষ : গোলাগুলি : ১০ জন আহত

(নিজস্ব সংবাদদাতা)

ময়মনসিংহ ২৫শে আগস্ট—আজ বিকালে ময়মনসিংহ কৃষি বিশ্ববিদ্যালয়ে দু'দল ছাত্রের মধ্যে প্রায় দু'ঘন্টাব্যাপী গুলিবিনিময় ককটেল বিস্ফোরণ ও সংঘর্ষে ১০

(৫-এর পৃঃ দ্রঃ)

## ১০ জন আহত

(১ম পৃঃ পর)

জন আহত হয়।

...দের মধ্যে তিনজন গুলিবিদ্ধ হয় বলে বিশ্ববিদ্যালয়ের সহকারী প্রোক্টর জানান।

ময়মনসিংহ মেডিক্যাল কলেজের ছাত্র রফিকে (২৫) গলায় গুলিবিদ্ধ অবস্থায় মেডিক্যাল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়। হাসপাতাল সূত্র একথা জানান।

সংঘর্ষের সময় কৃষি বিশ্ববিদ্যালয়ের সোহরাওয়ার্দী হলে প্রায় ২০টি কক্ষ ভাঙচুর হয়।

জানা গেছে, বিকাল সাড়ে তিনটা নাগাদ শহীদ শামসুল হক হল থেকে একদল সশস্ত্র যুবক ছাত্র লীগ (সু-র) এর কর্মীদের ধাওয়া করে। ছাত্র লীগ কর্মীরা সোহরাওয়ার্দী হলে আশ্রয় নেয়। সশস্ত্র যুবকরা সোহরাওয়ার্দী হল ঘেরাও করে। এ অবস্থায় সাড়ে চারটা থেকে দু'পক্ষে গুলিবিনিময় শুরু হয়। এসময় প্রায় ২০টি ককটেলও ফাটে। প্রায় দু'ঘন্টা গুলিবিনিময় চলে।